

তারিখ:
 পৃষ্ঠা: ১ কলাম: ২

বগুড়ায় কলেজের অধ্যক্ষকে পিটিয়ে জখম করেছে ছাত্রদল কর্মীরা

স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥ বগুড়ার দুর্গচাচিয়ায় শনিবার বিকালে জবহানারা কামরুজ্জামান কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবুল বাশারকে সাইকেলের চেন দিয়ে বেধড়ক পিটিয়েছে কতিপয় যুবক। সাধারণ ছাত্রেরা বলেছে, ওই যুবকরা ছাত্রদল কর্মী। আহত ভারপ্রাপ্ত অধ্যক্ষকে দুর্গচাচিয়া হাস্পাত কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়। (৭- পৃষ্ঠা ৪-এর সংশোধন)

বগুড়ায় কলেজের (৮-এর পাতার পর)

শনিবার সকালের দিকে ৪ যুবক শ্যালোচালিত যান 'ভটভটি' নিয়ে কলেজ ক্যাম্পাসে ঢুকে ঘুরতে থাকে। এ সময় একাদশ শ্রেণীর পরীক্ষা চলছিল। অধ্যক্ষ ও শিক্ষকগণ তাদের এভাবে ঘুরতে বাধা করেন। তারপরও তারা ঘুরতে থাকলে সাধারণ ছাত্ররা ধাক্কা দেবে দু'জনকে আটকে রাখে। বাকি দু'জন পালিয়ে। এরপর মীমাংসা হলে আটকে থাকা দু'জন চলে যায়। বিকালে অধ্যক্ষ কলেজ থেকে ফেরার সময় ওই চার যুবক অধ্যক্ষকে সাইকেলের চেন দিয়ে পিটিয়ে আহত করে।